সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯১৭

৩০/ সৎ ব্যবহার ও সম্পর্ক রক্ষা (كتاب البر والصلة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সন্তানের প্রতি দয়া।

باب مَا جَاءَ فِي رَحْمَةِ الْوَلَدِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، وَسَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ أَبْصَرَ الأَقْرَعُ بْنُ حَابِسٍ النَّبِيَّ صلى الله عليه وسلم وَهُوَ يُقَبِّلُ الْحَسَنَ قَالَ ابْنُ أَبِي عُمَرَ الْحُسَيْنَ أَوِ الْحَسَنَ فَقَالَ إِنَّ لِي مِنَ الْوَلَدِ عَشَرَةً مَا قَبَّلْتُ أَحَدًا مِنْهُمْ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّهُ مَنْ لاَ يَرْحَمْ لاَ يُرْحَمْ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَسٍ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ اسْمُهُ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১৯১৭। ইবনু আবূ উমার ও সাঈদ ইবনু আবদুর রহমান (রহঃ) ... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একবার আকরা ইবনু হাবিস রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখলেন হাসান রাদিয়াল্লাহু আনহু-কে চুমু খেতে (ইবনু আবূ উমার (রহঃ) তাঁর বর্ণনায় বলেন, হাসান কিংবা হুসায়নকে) তিনি বললেন, আমার তো দশটি সন্তান রয়েছে অথচ এদের কাউকে কোন দিন চুমু খাইনি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি দয়া প্রদর্শন করে না তাকেও দয়া প্রদর্শন করা হয় না। সহীহ, তাখরীজ "মুশকিলাতুল ফাকর" ১০৮, বুখারী, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯১১ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আনাস, আয়িশা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। আবূ সালামা ইবনু আবদুর রাহমান (রহঃ)-এর নাম হল আবদুল্লাহ ইবনু আবদুর রহমান। এ হাদীসটি হাসান-সহীহ।

English

Abu Hurairah narrated:
"Al-Aqra' bin Habis saw the prophet kissing Al-Hasan"- Ibn Abi 'Umar (one of the narrators) said:"Al-Hasan and Al-Husain." So he said: 'I have ten children

and I do not kiss any one of them.' So the Messenger of Allah said: 'Whoever shows no mercy, he will be shown no mercy."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22893

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন